

# প্রথমবর্ষের শিক্ষার্থীরাও হতে পারবেন প্রার্থী

রাবি প্রতিনিধি

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের সময়



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল ছাত্র সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি পদে নির্বাচনে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদেরও ভোটের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে নির্বাচনে তারা প্রার্থীও হতে পারবেন। এ জন্য মনোনয়নপত্র উত্তোলনের সময় আরও এক দিন বাড়ানো হয়েছে। গতকাল মঙ্গলবার রাকসু কোষাধ্যক্ষের কার্যালয়ে অনুষ্ঠিত রাকসু নির্বাচন কমিশনারদের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। পরে একই স্থানে বিকাল ৪টায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

এ সময় প্রধান নির্বাচন কমিশনার এফ নজরুল ইসলাম বলেন, শিক্ষার্থীদের দাবি ও পরামর্শের ভিত্তিতে রাকসু, হল

ছাত্র সংসদ ও সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫ অধিকতর অংশগ্রহণমূলক ও উৎসবমুখর করার জন্য ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের ভোটের তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর ফলে তারা নির্বাচনে প্রার্থীতাও ঘোষণা করতে পারবেন। এ জন্য মনোনয়ন ফরম উত্তোলনের সময় আরও এক দিন বাড়িয়ে ৩ সেপ্টেম্বর করা হয়েছে।